অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/17/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লং আইল্যান্ডের মুখ্য বন্যা ঝুঁকি ব্যবস্থাপনা প্রকল্পের জন্য মার্কিন আর্মি কোরের নির্মাণ কাজ শুরুর ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্বে, নিউ ইয়র্ক জেলা (New York District) মার্কিন প্রকৌশলীদের আর্মি কোর (U.S. Army Corps of Engineers, USACE) দ্বারা পরিচালিত ও সম্পূর্ণ অর্থায়িত একটি মুখ্য উপকূলীয়-ঝড়ের ঝুঁকি ব্যবস্থাপনা প্রকল্পের নির্মাণ কাজ শুরু করেছে। ফায়ার আইল্যান্ড থেকে মন্টক পয়েন্ট (Fire Island to Montauk Point, FIMP) প্রকল্পটি সাফোক কাউন্টিতে ফায়ার আইল্যান্ড ইনলেট (Fire Island Inlet) থেকে মন্টক পয়েন্ট (Montauk Point) পর্যন্ত 83 মাইল উপকূল সংলগ্ন ঝুঁকিপূর্ণ এলাকায় লং আইল্যান্ডের অধিবাসীদের জন্য বন্যা ঝুঁকি হ্রাস করবে। সার্বিক 1.7 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পটিতে রয়েছে উপকূলীয় বন্যা ঝুঁকি হ্রাস করানোর জন্য অনেক ধরনের ব্যবস্থা।

"প্রকল্পটি সাফোক কাউন্টির সম্প্রদায়গুলিকে তীব্র ঝড় ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি থেকে রক্ষা করবে, যা ভবিষ্যৎ প্রজন্মগুলির জন্য লং আইল্যান্ডের মূল্যবান প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করার জন্য অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।** "আমি এই উল্লেখযোগ্য মাইলফলক অর্জনের জন্য স্টেট, ফেডারেল, এবং স্থানীয় অংশীদারদের টেকসই, সহযোগিতামূলক কাজের প্রশংসা করছি, এবং আমি লং আইল্যান্ডের উপকূলকে জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট চরম আবহাওয়ার প্রভাব থেকে রক্ষা করতে একত্রে কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

নিউ ইয়র্ক জেলা কমান্ডার কর্নেল ম্যাথু লুজাটো বলেন, "আজকে লং আইল্যান্ডের অধিবাসীদের জন্য দারুণ একটি দিন, যারা অনেক বছর ধরে তাদের সম্পদ ও সম্প্রদায়ে বন্যা ঝুঁকি হ্রাস করার জন্য এমন গুরুতর একটি প্রকল্পের অপেক্ষায় আছে। প্রকল্পটি আমাদের দায়িত্বাধীন এলাকাজুড়ে (Area of Responsibility) উপকূলীয় স্থিতিশীলতা বৃদ্ধির প্রক্রিয়ায় আরেকটি ধাপের প্রতিনিধিত্ব করে, যেমনটি আমরা কনি আইল্যান্ড, লং বিচ, ফায়ার আইল্যান্ড থেকে মন্টক ইনলেট, এবং ইস্ট রকাওয়ের মতো একাধিক সম্প্রদায়ে করেছি, যেসব স্থানে কাজ বর্তমানে চলমান আছে। মার্কিন প্রকৌশলীদের আর্মি কোর, নিউ ইয়র্ক জেলার কর্মকর্তাগণ, এবং আমাদের ফেডারেল, স্টেট, এবং স্থানীয় অংশীদারেরা এই ঐতিহাসিক নাগরিক কাজের উদ্যোগ বাস্তবায়ন করতে অঙ্গীকারবদ্ধ, তাই আমরা অঞ্চলের সবথেকে কঠিন সমস্যা সমাধানে হাতে হাত রেখে কাজ করে যাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC) FIMP প্রকল্পের একটি নন-ফেডারেল স্পন্সর, যারা লং আইল্যান্ডের উপকূলীয় সম্প্রদায়সমূহকে ঝড় ও সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি থেকে রক্ষা করার এই অতি গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা, নকশা এবং বাস্তবায়ন অগ্রসর করতে ফেডারেল, স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করছে।DEC বিশেষজ্ঞরা সকল স্টেট প্রকৌশল ও পরিবেশগত পর্যালোচনা ও অনুমতির ব্যবস্থাপনা করেছে এবং এখন তারা USACE, সাফোক কাউন্টি, এবং ইস্ট হ্যাম্পটন, সাউদ্যাম্পটন, ব্রুকহ্যাভেন, আইস্লিপ, এবং ব্যাবিলন টাউনগুলির সাথে এই ঐতিহাসিক প্রকল্পের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে কাজ করে যাবে।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "লং আইল্যান্ডের উপকূলীয় সম্প্রদায়কে রক্ষার এই দশক ধরে চলতে থাকা টেকসই প্রচেষ্টার স্টেট অংশীদার হিসেবে, নিউ ইয়র্ক স্টেট DEC লং আইল্যান্ডের অধিবাসীদের জন্য বন্যা ঝুঁকি হ্রাস করতে মার্কিন প্রকৌশলীদের আর্মি কোরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করছে। বছরের পর বছর, আমাদের পরিবর্তনশীল জলবায়ু বন্যা ও তীব্র ঝড়ের সংখ্যা বৃদ্ধি করে দিচ্ছে। আমাদের সম্প্রদায়সমূহকে এবং প্রাকৃতিক সম্পদকে রক্ষা করতে, আমাদেরকে অবশ্যই স্থিতিশীলতা বৃদ্ধি করতে, জলবায়ু-পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে একত্রে কাজ করতে হবে এবং নবায়নযোগ্য শক্তির উৎস বৃদ্ধি করতে হবে। শক্তিশালী ফেডারেল, স্টেট, ও স্থানীয় অংশীদারদের নিয়ে, আমরা আমাদের পরিবর্তনশীল জলবায়ু সৃষ্ট সমস্যা মোকাবেলায় আরো ভালোভাবে প্রস্তুত আছি।"

FIMP ড্রেজিং প্রকল্পের প্রথম অংশে ফায়ার আইল্যান্ড থেকে 1.5 মিলিয়ন ঘনগজ বালি অপসারিত হবে এবং আপড্রিফ্ট ও ডাউনড্রিফ্ট সৈকতে ভূমিক্ষয় রোধ ও উপকূলীয় স্থিতিশীলতা শক্তিশালী করতে কৌশলগতভাবে স্থাপন করা হবে। আনুমানিক 802,000 ঘনগজ বালি গিলগো বিচে (Gilgo Beach) দেওয়া হবে এবং 716,000 রবার্ট মোসেস স্টেট পার্কে (Robert Moses State Park) যথাক্রমে প্রদান করা হবে।চুক্তিটিতে এছাড়াও রয়েছে রবার্ট মোসেস স্টেট পার্কে উপকূলীয় প্রোসেস ফিচার নির্মাণ যা পাইপিং প্লোভারের বাসস্থান উন্নত করতে নকশা করা হয়েছে।

কাজটি সার্বজনীন আইন 113-2, সুপারস্টর্ম স্যান্ডির পরপর পাশ করা জরুরি সম্পূরক বিলের (Emergency Supplemental Bill) অধীনে সম্পূর্ণভাবে ফেডারেল দ্বারা অর্থায়িত। প্রকল্পের মুখ্য উপাদানের মধ্যে রয়েছে:

ঘন ঘন বন্যার শিকার হওয়া এলাকার আনুমানিক 4,400 কাঠামোর কাঠামো-উচ্চতা বৃদ্ধি এবং ভবনের রেট্রোফিট

তীব্র ঝড় ও জোয়ারের ঢেউয়ের ফলে সৃষ্ট ফাটলের সম্ভাব্য পদক্ষেপ মূল্যায়ন করতে প্রতিবন্ধক দ্বীপগুলির জন্য একটি চারমুখী ফাটল প্রতিক্রিয়া পরিকল্পনা (Breach Response Plan)

শর্টফ্রন্টে সৈকত ও বালিয়াড়ি পূর্ণ করা, প্রকল্প সম্পূর্ণ হওয়ার 30 বছর পর্যন্ত আনুমানিক প্রতি চার বছরে পুনরায় পুষ্টকরণ

ফেডারেল নেভিগেশন চ্যানেলগুলিতে ইনলেট বাইপাস করা

ফায়ার আইল্যান্ডের ওশান বিচে (Ocean Beach) বিদ্যমান গ্রোয়েন/জেটি অপসারণ

মন্টক বিচে ফিডার সৈকত নির্মাণ। (ফিডার সৈকত হলো কৃত্রিমভাবে প্রসারিত করা সৈকত যা ডাউনড্রিফ্ট সৈকতসমূহকে পুষ্ট করে)

উপকূলীয় প্রোসেস ফিচার (Coastal Process Features) যা নকশা করা হয়েছে প্রাকৃতিক প্রক্রিয়া প্রতিলিপি করা এবং উপকূলীয় পাখির বাসস্থান উন্নত করার জন্য

ঐতিহাসিকভাবে, লং আইল্যান্ডের প্রতিবন্ধক দ্বীপসমূহ এবং দক্ষিণ উপকূলের সাফোক কাউন্টির মেইনল্যান্ড সম্প্রদায়গুলি তীব্র ঝড় দ্বারা আঘাতপ্রাপ্ত হয়েছে। বাস্তবিকভাবে, নিউ ইয়র্ক স্টেট সপ্তদশ শতাব্দী থেকে 84টি ট্রপিক্যাল বা সাবট্রপিক্যাল ঘূর্ণিঝড় দ্বারা প্রভাবিত হয়েছে। 2012 সালের সুপারস্টর্ম স্যান্ডির পাশাপাশি, যা কিছু এলাকার সৈকতের পলির প্রায় 45 ভাগ ক্ষয় করে ফেলেছে, সবথেকে খারাপ ঝড় হয়েছে 1930-র দশকে, হারিকেনকে নির্দিষ্ট নাম প্রদান শুরু হওয়ার পূর্বে।

21 সেপ্টেম্বর, 1938-এ দ্য লং আইল্যান্ড এক্সপ্রেস (The Long Island Express) নাম পরিচিত একটি বিভাগ 3 হারিকেন অনাকাঙ্ক্ষিতভাবে উপকূলে আঘাত করে, যার ফলে পূর্ব সাফোক কাউন্টিতে, মূলত ওয়েস্টহ্যাম্পটন বিচে কয়েক ডজন মানুষ মারা যায়। এছাড়াও নিউ ইংল্যান্ডের উপর দিয়ে যাওয়ার সময় ঝড়ের কারণে শতাধিক মৃত্যু হয়েছে।

দীর্ঘসময় ধরে, নিউ ইয়র্ক জেলা সাফোক কাউন্টির উপকূলের ক্ষতিগ্রস্ত এলাকাগুলি পুনরুদ্ধার করছে। সর্বশেষ, 2014-19 থেকে ফায়ার আইল্যান্ড ইনলেট টু মরিশাস ইনলেট (Fire Island Inlet to Moriches Inlet, FIMI) প্রকল্প FIMP থেকে স্বাধীন একটি স্থিতিশীলতা প্রচেষ্টা নির্মাণে একটি ত্বরান্বিত পন্থা অবলম্বন করেছে। হারিকেন স্যান্ডির ফলে হওয়া ক্ষয়ক্ষতি মেরামত করতে একটি এককালীন প্রারম্ভিক নির্মাণ প্রকল্প, উপকূল ধরে সাত মিলিয়ন ঘনগজ বালি ফেলা হয়েছে এবং একাধিক মাইল সুরক্ষাকারী বালিয়াড়ি তৈরি হয়েছে।

নন-ফেডারেল স্পন্সর নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (New York State Department of Environmental Conservation, NYSDEC) সাথে যৌথভাবে, সাফোক কাউন্টি, ব্যাবিলন, আইস্লিপ, ব্রুকহ্যাভেন, সাউদ্যাম্পটন এবং ইস্টহ্যাম্পটন টাউনগুলির সহযোগিতায় নিউ ইয়র্ক জেলা নির্মাণ প্রচেষ্টার নেতৃত্ব দিবে। আর্মি কোর এছাড়াও জাতীয় পার্ক সার্ভিসের (National Park Service, NPS) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে, ফায়ার আইল্যান্ড জাতীয় সমুদ্র উপকূল (Fire Island National Seashore, FIIS) এবং মার্কিন মৎস্য ও বন্যপ্রাণী সেবা (U.S. Fish and Wildlife Service, USFWS) প্রত্যেকে আটলান্টিক মহাসাগরের

উপকূলে বিলুপ্তপ্রায় প্রজাতি ও পরিবেশগত সংবেদনশীলতার সুরক্ষা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ অংশীদার।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন